23

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 SEP 1994 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৫ ...

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ (বৃহস্পতিবার) আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বিশ্ব হইতে নিরক্ষরতা দূরীকরণের দৃঢ় অঙ্গীকার নিয়া আজ হইতে ২৯ বছর

(২য় পৃ: ৫-এর ক: দ্র:)

## সাক্ষরতা দিবস

(১ম পৃ: পর)

পূর্বে এই দিবস পালনের সূচনা হয়। দিবসটি পালনের জন্য বিভিন্ন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান ও সামাজিক সাংস্কৃতিক সংগঠন পৃথক পৃথক কর্মসূচী গ্রহণ করিয়াছে।

এই উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উদ্যোগে আজ সকাল ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে বাংলাদেশের উন্নয়নে সবার আগে শিক্ষা' শীর্ষক আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করিয়াছে। প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস অনুষ্ঠানে প্রধান অতিথি থাকিবেন। বিশেষ অতিথি থাকিবেন তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা। 'বাংলাদেশ-২০০০' ঢাকাস্থ জাতিসংঘ তথ্যকেন্দ্রের সহযোগিতায় আজ দুপুর সাড়ে ১২টায় ধানমণ্ডিস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের মিলনায়তনে এক সেমিনারের আয়োজন করিয়াছে। বাংলাদেশ জাতিসংঘ সমিতির উদ্যোগে আজ বিকাল ৪টায় মিরপুর ১২ নম্বরস্থ ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠ প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হইবে। বাংলাদেশ মহিলা পরিষদ এ উপলক্ষে আজ বিকাল ৪ টায় সংগঠন কার্যালয়ে নিরক্ষরতা দূরীকরণ স্কুলের শিশুদের হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করিয়াছে। বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন আজ সকাল ১০টায় পলাশীস্থ ব্যানবেইস মিলনায়তনে এক কর্মশালার আয়োজন করিয়াছে। ইউসেপ আজ সকাল ১০টায় নয়াটোলার বিদ্যালয় হইতে প্রেসক্লাব পর্যন্ত শোভাযাত্রা বাহির করিবে।

এই উপলক্ষে গতকাল সন্ধ্যায় সম্মিলিত আলোক শোভাযাত্রা বাহির হয়। জাতীয় যাদুঘরের সম্মুখ হইতে শোভাযাত্রাটি জাতীয় প্রেসক্লাব হইয়া কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়া শেষ হয়। সরকার, এনজিও এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন শোভাযাত্রায় অংশ নেয়। পরে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জিয়া যুব পরিষদ আজ বিকাল ৪টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে 'শহীদ জিয়ার স্বপ্ন—সবার জন্য শিক্ষা' শীর্ষক আলোচনা সভার আয়োজন করিয়াছে। রোটার‍্যাক্ট জেলা সংগঠন বিকাল ৫টায় জাতীয় যাদুঘরের সম্মুখ হইতে শোভাযাত্রা বাহির করিবে।